

'স্মার্ট নাগরিক' কাকে বলে, জানালেন ঢাবি উপাচার্য

ঢাবি প্রতিবেদক

০২ অক্টোবর ২০২৩, ১১:২২ পিএম



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেছেন, 'যে মানুষ প্রতিকূল ও বৈরী পরিবেশে নিজেকে টিকিয়ে রাখতে পারে এবং সব প্রকার চ্যালেঞ্জ মোকাবিলা করে সামনে এগিয়ে যেতে পারে তারাই স্মার্ট নাগরিক। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সারাজীবন সব চ্যালেঞ্জ প্রজ্ঞা ও সাহসিকতার সাথে মোকাবিলা করেছেন এবং বর্তমানে তার সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশ-বিদেশের সব চ্যালেঞ্জ মোকাবিলা করে বাংলাদেশকে অনন্য উচ্চতায় নিয়ে যাচ্ছেন।'

আজ সোমবার বিশ্ববিদ্যালয়ের আর সি মজুমদার আর্টস মিলনায়তনে কলা অনুষদ আয়োজিত সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০২৩-এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

ঢাবি উপাচার্য বলেন, 'অসাম্প্রদায়িক, নেতৃত্বিক ও মানবিক মূল্যবোধসম্পন্ন মানুষ তৈরিতে সাংস্কৃতিক কর্মকাণ্ড সহায়ক ভূমিকা রাখে। অন্তর্ভুক্তিমূলক ক্যাম্পাস বিনির্মাণে ঢাকা বিশ্ববিদ্যালয় ইতেমধ্যে ক্রীড়া ও সংস্কৃতি চর্চার ক্ষেত্রে সকল বাধা দূর করে ট্রান্সজেন্ডার ও খেলোয়ার কোটায় শিক্ষার্থী ভর্তি কার্যক্রম চালু করেছে।' উন্নত ও সমৃদ্ধ সমাজ বিনির্মাণে নিয়মিত সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন করার জন্য উপাচার্য সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান।

কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুল বাছিরের সভাপতিত্বে অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য দেন সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও সংসদ সদস্য আসাদুজ্জামান নূর। স্বাগত বক্তব্য দেন ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহযোগী অধ্যাপক মাহমুদুর রহমান।